

# রাজ্যে বিনিয়োগে আগ্রহী 'হিতাচি'

নিজস্ব প্রতিনিধি, কলকাতা: জমি জটে যখন পশ্চিমবঙ্গে বিনিয়োগ থেকে অধিকাংশ কোম্পানিই মুখ ফিরিয়ে নিচ্ছে, তখন এই রাজ্যে বিনিয়োগে আগ্রহ প্রকাশ করল 'হিতাচি' কোম্পানি। বুধবার পূর্ব কলকাতার একটি পাঁচতারা হোটেলে খননকার্যে ব্যবহৃত একটি অত্যাধুনিক মেশিনের উদ্বোধন করতে এসে এমনই আগ্রহের কথা জানালেন কোম্পানির ওয়ার্ল্ড সি ই ও সুজি মোটো সান। তিনি বলেন, ভারত তথা পশ্চিমবঙ্গে বিনিয়োগে আমরা যথেষ্ট আগ্রহী। এবিষয়ে বিভিন্ন পর্যায়ে আলোচনা চলছে, সঠিক সুযোগ পেলেই বিনিয়োগ করা হবে। প্রসঙ্গত, এদিন টাটা-হিতাচি কনস্ট্রাকশন মেশিনারি কোম্পানি লিমিটেড'এর 'জ্যাক্সিস ২২০ এল সি-জি আই' সিরিজের হাইড্রলিক এক্সক্যাভেটর মেশিনের উদ্বোধন করা হয়। দুই

কোম্পানির উচ্চপদস্থ আধিকারিকরা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। খড়গপুরে কোম্পানির কারখানায় এই মেশিনগুলি তৈরি করা হবে বলে জানানো হয়েছে। কৃষিকাজ, খনি অঞ্চলে খননের কাজে এই অত্যাধুনিক মেশিন ব্যবহার করে দ্রুত কাজ সম্পূর্ণ করা যাবে বলে কোম্পানির পক্ষ থেকে জানানো হয়েছে।

এই মুহূর্তে কর্ণাটকে কৃষিকাজে এই ধরনের একটি মেশিন কাজ করছে বলে কোম্পানির পক্ষ থেকে জানানো হয়েছে। টাটা-হিতাচি কোম্পানির পক্ষ থেকে জানানো হয়েছে, খড়গপুরে যে মেশিন তৈরি করা হবে, তা কোম্পানির সমস্ত ব্রাঞ্চেই সরবরাহ করা হবে বিক্রির জন্য। সেক্ষেত্রে রপ্তানি ক্ষেত্রে এই রাজ্যও লাভবান হবে বলে দাবি করা হয়েছে।